



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৭ ফেব্রুয়ারি ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

কুজেন্দ্রলাল ত্রিপুরার বক্তব্য ফাঁসের ঘটনার সাথে ইউপিডিএফ-এর সম্পর্ক নেই

খাগড়াছড়ি জেলা সদরে এক সামাজিক অনুষ্ঠানে স্থানীয় মুরব্বীদের সাথে একান্তে মতবিনিময়কালে কুজেন্দ্রলাল ত্রিপুরার দেয়া বক্তব্যকে কেন্দ্র করে জেলা আওয়ামী লীগের সংবাদ সম্মেলন ও মামলা দায়ের ঘটনাকে অবৈধ ক্ষমতার দল প্রকাশ মন্তব্য করে ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি সদর ইউনিট।

আজ বৃহস্পতিবার, ৭ ফেব্রুয়ারি ২০১৯ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফ-এর খাগড়াছড়ি জেলা সদর ইউনিটের সমন্বয়কারী অংগ্য মারমা বলেছেন, 'সিএইচটি নিউজ পোর্টালে প্রকাশিত 'আর্মিরাই জুম্ম রাজাকারদের ব্যবহার করছে--কুজেন্দ্রলাল ত্রিপুরা' এ সংবাদের সাথে ইউপিডিএফ-এর সম্পর্ক নেই, নিউজ পোর্টালটির ব্যাপারেও ইউপিডিএফ দায়ী নয়। এর সাথে ইউপিডিএফকে জড়িয়ে মামলা দায়ের ও বিষোদগার কিছুতেই মেনে নেয়া যায় না।'

বিবৃতিতে ইউপিডিএফ নেতা মতপ্রকাশের ব্যাপারে সরকারের বিধি নিষেধের সমালোচনা করেন এবং বস্তুনিষ্ঠ সাংবাদিকতার স্বার্থে ঘটনার সত্যতা নিরূপনের জন্য অনুসন্ধানী প্রতিবেদন তৈরির জন্যও মিডিয়া কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।